গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং: ৫৮.০৩.০০০০.০২০.১৫.০১৫.২৪ তারিখ: ---------------

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর ফেব্রুয়ারি মাসে 'বাজেট সংক্রান্ত' বিষয়ের উপর অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মদ জাহেদ কামাল, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি |
| তারিখ | : | ৩ ফেব্রুয়ারি ২০২৫ |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | : | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, সম্মেলন কক্ষ। |

সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের নামের তালিকা 'পরিশিষ্ট-ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অধিদপ্তরের পরিচালকগণসহ উপস্থিত অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ 'বাজেট সংক্রান্ত' বিষয়ের উপর আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: | বিষয় | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) বাস্তবায়ন সংক্রান্ত | ২০২৪-২৫ অর্থ বছরের জন্য প্রনয়নকৃত বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। যদি বাস্তবায়ন করা না যায়, তবে তার কারণ উল্লেখপূর্বক উর্দ্ধতন কর্তৃপক্ষ হতে অনুমোদন নিতে হবে। | • বৈদেশিক ক্রয় শাখা<br>• ক্রয় ও স্টোর<br>• উন্নয়ন শাখা<br>• প্রশিক্ষণ শাখা |
| ২. | Specification সংক্রান্ত | PPR অনুযায়ী যে কোনো টেন্ডারে Specification থাকতে হবে। টেন্ডার কার্যক্রম নির্ধারিত সময় অনুযায়ী সম্পন্ন করার জন্য সচেষ্ট থাকতে হবে। | • বৈদেশিক ক্রয় শাখা<br>• ক্রয় ও স্টোর<br>• উন্নয়ন শাখা<br>• প্রশিক্ষণ শাখা |
| ৩. | ইউনিফর্মের কাপড়ের ল্যাব টেস্ট সংক্রান্ত | কেন্দ্রীয় ক্রয় ও স্টোর কর্তৃক আহবানকৃত টেন্ডারের Specification অনুযায়ী বিভাগীয় ইউনিফর্মের কাপড় ল্যাব টেস্ট অনুযায়ী মুল্যায়ন করতে হবে। | • ক্রয় ও স্টোর শাখা |
| ৪. | ইউনিফর্ম সেলাই সংক্রান্ত | বিভাগীয় পর্যায়ে কর্মকর্তা/কর্মচারীদের ইউনিফর্ম সেলাইয়ের মাপ সঠিক ভাবে বাস্তবায়নের জন্য বিভাগী পর্যায়ে ইউনিফর্ম সেলাইয়ের বিষয়টি আহ্বানকৃত টেন্ডারে উল্লেখ থাকতে হবে। | • ক্রয় ও স্টোর শাখা |
| ৫. | দরপত্র মুল্যায়ন | পোশাকখাতে বরাদ্দকৃত টাকার বিপরীতে টেন্ডার কার্যক্রমের মূল্যায়ন নির্ধারিত সময় সীমার মধ্যে সম্পন্ন করতে হবে। | • ক্রয় ও স্টোর শাখা |
| ৬. | e-GP এর মাধ্যমে কার্যক্রম | অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি খাতে বরাদ্দকৃত টাকার বিপরীতে যে টেন্ডার আহ্বান করা হয়েছে তা PPR অনুযায়ী সম্পন্ন করতে হবে। কেনাকাটায় স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে আগামী অর্থ বছর হতে জরুরি কাজ ছাড়া সকল টেন্ডার e-GP তে আহ্বান করতে হবে। | • পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>• সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী,<br>• বৈদেশিক ক্রয় শাখা |
| ৭. | বিল পরিশোধ সংক্রান্ত | আহ্বানকৃত টেন্ডারের বিপরীতে নির্ধারিত সময় সীমার মধ্যে ঠিকাদারদের বিল পরিশোধসহ সকল দরপত্রের কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে। জুন মাসে বিল প্রদানের ক্ষেত্রে কোন বিঘ্নতা সৃষ্টি না হয় সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে। | • পরিচালক (প্রশাসন ও অর্থ),<br>• বৈদেশিক ক্রয় শাখা,<br>• ক্রয় ও স্টোর,<br>• উন্নয়ন শাখা,<br>• প্রশিক্ষণ শাখা। |

| ক্র: | বিষয় | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৮. | জ্বালানী খাতে বরাদ্দ সংক্রান্ত | অপারেশনাল কার্যক্রমে গাড়ী পাম্প ও সাজসরঞ্জামাদি সচল রাখার লক্ষ্যে মাঠ পর্যায়ে জ্বালানী বিল পরিশোধের নিমিত্ত জ্বালানী খাতে পুনবরাদ্দের বিষয়টি যাচাই বাছাই করতে হবে। | • পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>• হিসাব শাখা |
| ৯. | অ্যাম্বুলেন্স ফেইজ-২ প্রকল্প সংক্রান্ত | অ্যাম্বুলেন্স ফেইজ-২ প্রকল্পের আওতায় অ্যাম্বুলেন্স ক্রয়ের টেন্ডার আহ্বান করা হয়েছে যা ১৮/০২/২০২৫ তারিখে উন্মুক্ত করা হবে। বর্ণিত টেন্ডার উন্মুক্তকরণে প্রাপ্ত মূল্যায়নপত্র সম্পর্কে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে অবগত করতে হবে। | • প্রকল্প পরিচালক (অ্যাম্বুলেন্স ফেইজ-২) |
| ১০. | ভূমিকম্প ও অন্যান্য দুর্যোগকালে অনুসন্ধান, উদ্ধার অভিযান পরিচালনা এবং জরুরি যোগাযোগের জন্য যন্ত্রপাতি সংগ্রহ (৩য় পর্যায়) প্রকল্পের উদ্ধার সরঞ্জামাদি সংক্রান্ত | দুর্যোগ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত অর্পিত দায়িত্বের আওতায় উক্ত প্রকল্প বাস্তবায়নের জন্য e-GP এর মাধ্যমে টেন্ডার আহবান পূর্বক বরাদ্দকৃত বাজেট আনয়ন ও খরচের জন্য আলাদা কোড লাগবে কিনা বা অনুমোদনকারী কর্তৃপক্ষ কে হবে তার সঠিকতা যাচাই করতে হবে। এ সংক্রান্ত যে টাইমলাইন আছে তা কোনোভাবে অতিক্রম করা যাবে না। | • পরিচালক (প্রশি: পরি: ও উন্ন:)<br>• গঠিত কমিটি |
| ১১. | বৈদ্যুতিক সরঞ্জামাদি (মেরামত) বিষয়ক নতুন অর্থনৈতিক কোড তৈরি সংক্রান্ত | সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে এ বৈদ্যুতিক সরঞ্জামাদি (মেরামত) বিষয়ক নতুন অর্থনৈতিক কোড তৈরির বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণসহ বৈদ্যুতিক সরঞ্জামাদি (ক্রয়) কোড হতে টাকা ট্রান্সফারের ব্যবস্থা করতে হবে। | • পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>• হিসাব শাখা। |
| ১২. | প্রশিক্ষণ সংক্রান্ত | প্রশিক্ষণ খাত হতে বিভিন্ন প্রশিক্ষণ (যেমন অফিসার, ড্রাইভার, নার্সিং এটেনডেন্টদের দক্ষতা বৃদ্ধি, MFR, CSSR কোর্স, সিভিল স্টাফদের প্রশিক্ষণ ইত্যাদি) এবং আইসিটি শাখার সক্ষমতা বৃদ্ধির প্রশিক্ষণে খরচ করা যেতে পারে। | • পরিচালক (প্রশি: পরি: ও উন্ন:) |
| ১৩. | স্টক রেজিস্টার | স্বচ্ছতা ও জবাবদিহিতা আনয়নের লক্ষ্যে বিভিন্ন টেন্ডারের মাধ্যমে ক্রয়কৃত মালামাল সংগ্রহ ও বিতরণের বিষয়টি স্টক রেজিষ্টারে লিপিবদ্ধ করতে হবে। | • বৈদেশিক ক্রয় শাখা<br>• ক্রয় ও স্টোর<br>• উন্নয়ন শাখা<br>• প্রশিক্ষণ শাখা |
| ১৪. | প্রকল্পের অর্পিত দায়িত হিসেবে প্রাপ্ত অর্থ ব্যয় সংক্রান্ত | বেপজা অর্থনৈতিক অঞ্চল, মীরসরাই চট্টগ্রাম শীর্ষক প্রকল্পের আওতায় সংগৃহিত/সংগৃহিতব্য অর্থ জরুরি ভিত্তিতে অধিদপ্তরের অনুকূলে ন্যস্ত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত আগামী ১০ দিনের মধ্যে বেপজা কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ করতে হবে। | • পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>• বৈদেশিক ক্রয় শাখা |
| ১৫. | উন্নয়ন কাজ মনিটরিং সংক্রান্ত | উন্নয়ন সংক্রান্ত কার্যক্রমসমূহের বিষয়ে একটি বই প্রস্তুত করতে হবে। কাজ শুরু হওয়ার সাথে সাথে অধিদপ্তরকে অবহিত করতে হবে। অধিদপ্তর কর্তৃক প্রেরিত মনিটরিং টিম উক্ত কাজের ছবিসহ অগ্রগতির প্রতিবেদন দাখিল করবে। | • পরিচালক (প্রশি: পরি: ও উন্ন:) |

২।	সভায় অন্য কোন আলোচনা না থাকায় অধিদপ্তর কর্তৃক গ্রহণকৃত বিভিন্ন কার্যক্রম সফলভাবে সম্পন্নকরণের লক্ষ্যে আন্তরিকতা বজায় রেখে সবাইকে ঐক্যবদ্ধ হয়ে কার্যক্রম পরিচালনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
বিগ্রেডিয়ার জেনারেল
মুহাম্মদ জাহেদ কামাল, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি
মহাপরিচালক

স্মারক নং : ৫৮.০৩.০০০০.০২০.১৫.০১৫.২৪ - ২৭৯৭

তারিখ : ১৮/১১/৩১ / ০৩/০৩/২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

১. পরিচালক (প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২. উপপরিচালক (প্রশাঃ ও অর্থ/পরিকল্পন/অ্যাম্বুলেন্স/উন্নয়ন/অপারেশন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৪. অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৫. সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ/ক্রয় ও স্টোর/অপারেশন/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/পরিকল্পনা/উন্নয়ন/প্রশিক্ষণ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৬. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ..........................................................(সকল)।
৭. সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৮. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,..............................................................(সকল)।
৯. সহকারী যোগাযোগ প্রকৌশলী (বেতার), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১০. ফোরম্যান, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১১. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য
১২. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা জোন- ১/ ২/ ৩/ ৪/ ৫/।
১৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, মিডিয়া সেল/আইসিটি সেল/রিফর্ম সেল।
১৫. এমটিও, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৬. সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ..................................(সকল)।
১৭. সুপার/সেকশন ইনচার্জ.........................................................................., ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৮. এ অধিদপ্তরের গার্ড ফাইল/হিসাব/বাসাবরাদ্দ/নিয়োগ/বদলি/বিভাগীয় কল্যাণ তহবিল/আইসিটি সেল/রেকর্ড/এইচআরএম/ডাটাএন্ট্রি/এসিআর/ট্রেনিং/ছুটি/তদন্ত/অপারেশন/রেশন/পেনশন/ফায়ার সার্ভিস ওয়েলফেয়ার ট্রাস্ট/বৈদেশিক ক্রয়/ক্রয় ও স্টোর/পত্র গ্রহণ ও বিতরণ/ওয়্যারহাউজ/পরিকল্পনা/অ্যাম্বুলেন্স/উন্নয়ন/ফায়ার এন্ড সেফটি সেল/নারী কল্যাণ শাখা।

০৩/০৩/২০২৫

মোহাম্মদ মোজাম্মেল হক
পরিচালক (প্রশাসন ও অর্থ)